

খুড়ার কল

▣ দধিচী

খুড়ার কল ইখান আজকের নয়, বউত আগে বাজারে আইছে। বেশির ভাগ মানুষেই ইকান ক্যামনে কাম করে ইটা বোঝে না। বেশির ভাগ মানুষে ইটাও জানে না যে খুড়ার কল ছোট বড় বউত কিসিমর অয়। কিছু দেখতে শুনতে অতো ভালা যে আফনে টের অউ পাইতানায় যে আফনারে বাঁশ দেব। একখান উদাহরণ দেই। জায়গা হইল গিয়া উত্তরাখণ্ড, সাল ২০১৩। এক ব্যাটার দোকানো জাইতাম আমরা সিঙ্গারা খাওয়াত। ব্যাটা আছিল সন্ত (১) রাম রহিমর বেতালা ভক্ত। তো ব্যাটারে একদিন কইলাম আফনার গুরুদেবরে তো একটু অইনো ভাইলোর লাগে; ব্যাটা অমনেউ ক্ষেপিয়া লাল। কয় - “তোমরা জানো নি গুরুজীয়ে হিন্দু, মুসলমান, শিখ, খিষ্টান হকলরে একখানো মিলানির লাগি কি পরিশ্রম কররা; আর তোমরা High Caste ব্রাহ্মণ হকলে দেশের সর্বনাশ কররায় (ব্যাটায় কিন্তু আসলে জানে না আমরার জাত কিতা; কিন্তু ধরিয়া নিছে যেহেতু আমরা রামরহিমর সমালোচনা করছি অতএব আমরা ব্রাহ্মণ)। কিছু দিন আগে বাইরলৈ ঐ তান্ গুরুদেবে গুহা খুদিয়া কুকর্ম কররা। তে অউ যে তাইন যুক্তি দিয়া কথা না ভাবিয়া আগেউ আমরারে গাইলাইলা; অউ অটাউ অইল একরকম খুড়ার কল। রামরহিমে অরকম খুড়ার কলরে কামো লাগাইয়া বেজান কানা মানুষর দল বানাইছইন।

আরেকখান দেখইন, যেদিন অমর্ত্য সেন Demonitisation অর সমালোচনা করলা; অদিন বেজান মানুষে তানে বেদুমসে গাইল্লাইসে। ব্যাটার বুলে বুড়াকালো ভীমরতি ধরছে। অমলাকান একজনে যখন আমার সামনে নিন্দা করের তখন জিখাইলাম “তুমি কিতাবা তান হকল বই পড়িলিছো না কিতা?” তাইন কইলা - “না; কিন্তু ব্যাটা তো চীন অর দালাল অতার লাগি অমলাখান মাতের।” আমি কইলাম “তে আফনে যদি ব্যাটার লেখা বইগুন পড়িয়া সমালোচনা করইন তে কোন সমইস্যা আছে নি?” পরে বোঝলাম দোষ আমার ওউ, ব্যাটার গলাত তো খুড়ার কল বান্ধা। একদম ছবছ অউরকম আরেকখান ঘটনা হইছিল গান্ধীজীরে লইয়া। আইজ কাইল তো কেউ অউ গান্ধীজীরে দেখতো পারে না। যদি আফনারা খিয়াল করইন তে দেখবা এর মইধ্যে ৯৫% মানুষেই গান্ধীজীর লেখা ‘My Experiment with Truth’ বইখান পড়ছইন না। নিজে না পড়িয়া আরেকজনের লগে গলা মিলাইয়া “অয় অয়” করাও কুড়ার কল। কাশ্মীর লইয়া তো একবার খুন খারাপি হওয়ার উপক্রম; আমি কইসলাম আফনেরা যে কাশ্মীর লইয়া মাতরা তে আফনারা Our Moon has Blood Clot, Curfewed Night, The Collaborator Kashmir the Vajpayee years. অতা বই পড়ছইন নি? অমনেউ আমারে প্রায় মারার উপক্রম। কইন “তোমরা হারামজাদা হকলে খালি পাকিস্তানী কাশ্মীরী মুসলমানের চ্যামচাগীরি

করো ! উবাও ! বেশীদিন নয় ; তোমরারেও পাকিস্তানে পাঠাইমু ।” পাঠকরা যারা অউ বই অঙ্কন পড়ছইন তারা জানইন যে, Our Moon has Blood Clot - ইটা কাশ্মীরী পন্ডিতরার উপরে লেখা । কিন্তু পাবলিক অকলে তো নেতারা কইলা অতাউ শুনিয়া আমরারে পাকিস্তানে পাঠানির ধমকি দিলা ! (খুড়ার কল অর বলি আর কি !)

আরো কিছু মানুষ আছইন ; বেতালা বেতালা নামী ইউনিভার্সিটি থাকি, কলেজ থাকি বিভিন্ন বিষয় নিয়া, দেশের সমস্যা (!) নিয়া আলোচনা করইন । এর মইধ্যে কেউ কেউ আবার পি.এইচ.ডি-র মতো বড়ো বড়ো ডিগ্রীধারী । মানুষেও অয় ! অয় ! করইন তারার লগে । যেতা বিষয় নিয়া মাতোইন ইতার লগে তারার গবেষনার বিষয়র দূর-দূরান্তে কোন সম্পর্ক নাই । Google Scholer, Research Gate, CERA, অতা হকলতা তুকাইয়াও তারার কোনো গবেষণা পত্র পাওয়া গেল না । কিন্তু মানুষে আর খবরোর চ্যানেলে তারারে লইয়া ধূম নাচানাচি করলা । অটাও একটা খুড়ার কল ।

ছাত্ররারে খুড়ার কল ব্যবহার করিয়া অউ ইস্কুলো থাকতে থাকতে অউ বিভিন্ন রাজনৈতিক দলে নিজেয়ার আদর্শ (!) ইনজেকশন দিয়া তারার খুপড়িত তুকানি শুরু করে । তেরাভাবে তারারে বোঝানি হয় পরিশ্রম করিয়া পড়াশুনা করলেও তোমরা দুইবেলা ভাত পাইতায় নয় ; অতা না করিয়া মিছিল মিটিং করলেউ তোমরার লাভ । অটা হইল খুড়ার কল সব রাজনৈতিক দলেউ ইটা করে । মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকর সময়ও বোর্ড ইতায় অনেক পুলাপানরে কলাপাতাত লেখিয়া দেয় - “তোমরার দ্বারা কিছু অইতো নয় রেবা”- ইখানো একখান কল । সব মানুষের মইধ্যেউ সামর্থ্য থাকে ।

আফনারা সকাল বিকাল যে নিউজ চ্যানেল দেখইন, পত্রিকা পড়ইন ইতাত্ অতো খুড়ার কল ব্যবহার কইর্যা আফনারারে টুপি পরানি হয় ।

অখন কথা হইল কেমনে বাঁচবা এই কল থাকি -

- ১ । বই পড়ইন । কি দরকার নেতা, মন্ত্রী, দুই নাম্বারী সাধু সন্ত থাকি রাজনীতি, ধর্ম, ইতিহাস শিখার ? তারার কথা বেদবাক্য না মনে করিয়া নিজে পড়িয়া দেখইন না আসল ঘটনা কিতা ।
- ২ । নিজর পুলাপানরে ছোটবেলা থাকি পাঠ্য বইয়র লগে গল্পর বইও আনিয়া দেইন । বুড়া কালো আফনারে ভাত দেওয়ার চ্যাপ্স বাড়ব এতে !
- ৩ । বুদ্ধি, বিবেক বিবেচনা অতা ব্যবহার করইন । টিভি বন্ধ করি আফনার প্রতিবেশীর লগে সামনা সামনি বইয়া দুই কথা মাতোইন ।
- ৪ । সামর্থ্যর মইধ্যে ভ্রমণ করইন । লোকাল মানুষর লগে মিশইন ।
- ৫ । Growing Seed অর লাকান স্বেচ্ছাসেবী সংগঠন খুলতা পারইন বা যোগদান করতা পারইন । আমরা চাই মানুষ ভালো থাকুক ।